**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
(রেমিট্যান্স নীতি শাখা-১)

সূত্র নং-এফইপিডি(রেমিঃ-১)/১/২০২২-৩৯৬৮

তারিখঃ ২৪ শ্রাবণ, ১৪২৯
০৮ আগস্ট, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রিয় মহোদয়,

**আয়কর অধ্যাদেশ অনুসারে অফশোর ট্যাক্স এমনেস্টি বিষয়ে কার্যক্রম গ্রহণ ও প্রচার প্রসঙ্গে।**

অর্থ আইন, ২০২২ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা-19F অনুসারে ০১ জুলাই, ২০২২ হতে ৩০ জুন, ২০২৩ পর্যন্ত সময়সীমার মধ্যে ৭% কর প্রদান করে বাংলাদেশের বাহিরে যেকোনোরূপে গচ্ছিত অপ্রদর্শিত অর্থ ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে বৈধভাবে দেশে এনে আয়কর রিটার্নে প্রদর্শন করা যাবে। উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংক হতে এ সংক্রান্ত এফই সার্কুলার পত্র নং-২৬, তারিখঃ ১৮ জুলাই, ২০২২ ইতোমধ্যে জারি করা হয়েছে।

অফশোর ট্যাক্স এমনেস্টি বিধান সংক্রান্ত বর্ণিত বিষয়টি শাখা পর্যায়ে বিজ্ঞপ্তি আকারে প্রদর্শনসহ গ্রাহকদের মাঝে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ জ্ঞাপন করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোনঃ ৯৫৩০১২৩